বান্দরবানে ইংলিশ ল্যংগুয়েজ ক্লাবের উদ্ধোধন

নিজস্ব প্রতিবেদক, বান্দরবান:

বান্দরবানে প্রাইমারী টির্চাস ট্রেনিং ইনস্টিটিউট (পিটিআই) ইংলিশ ল্যংগুয়েজ ক্লাবের উদ্ধোধন করা হয়েছে। সদর উপজেলার রেইচায় অবস্থিত পিটিআই’র সম্মেলন কক্ষে বৃহস্পতিবার (১২ অক্টোবর) ল্যংগুয়েজ ক্লাবের উদ্ধোধন জেলা প্রশাসক দিলীপ কুমার বণিক।

এসময় অতিরিক্ত জেলা ম্যাজিস্ট্রেট মুফিদুল আলম, সহকারী কমিশনার (রাজস্ব) নুরে জান্নাত রুমি, এনডিসি আলীনুর খান, কালেক্টরেট স্কুল এন্ড কলেজের অধ্যক্ষ প্রফেসর সুকুমার দত্ত, পিটিআই এর সুপারিনটেনডেন্ট সুব্রতা গুহ, সহকারী সুপারিনটেনডেন্ট মোহাম্মদ সরওয়ার হোসেন প্রমুখ উপস্থিত ছিলেন।

জেলা প্রশাসক দিলীপ কুমার বণিক বলেন, ইংরেজী ভাষা আর্ন্তজাতিক ভাষা। উন্নত বিশ্বের সাথে তাল মিলিয়ে চলতে হলে ইংরেজী শিক্ষার বিকল্প নেই, তাই শিক্ষার্থীদের বাংলার পাশাপাশি ইংরেজীতে দক্ষতা বৃদ্ধি করতে হবে।

প্রসঙ্গত বান্দরবানে ৮টি ইংলিশ ল্যংগুয়েজ ক্লাব রয়েছে। ইংরেজী শিক্ষার দক্ষতা বৃদ্ধি করতে সপ্তাহে দুইদিন এইসব ক্লাবে সরকারী- বেসরকারী ও স্কুল কলেজের শিক্ষার্থীরা ইংরেজী চর্চা করে।